

বোয়িংকে টপকে আবারও বাজিমাত করল এয়ারবাস

- A Monitor Desk Report

Date: 22 May, 2024



রিয়াদ: ইউরোপীয় নির্মাতা প্রতিষ্ঠান এয়ারবাসের কাছ থেকে ১০৫টি উড়োজাহাজ কিনছে সৌদি আরবের জাতীয় পতাকাবাহী উড়োজাহাজ সংস্থা সৌদিয়া এয়ারলাইনস।

দেশটির অ্যাভিয়েশন খাতের ইতিহাসে এটিই সবচেয়ে বড় ক্রয়চুক্তি।

সৌদিয়া গ্রুপের মহাব্যবস্থাপক ইব্রাহিম আল-ওমর সোমবার (২০ মে) জানান, ২০২৬ সালের শুরুতে প্রথম উড়োজাহাজের চালানটি সরবরাহ করা হবে।

সৌদিয়া গ্রুপের ওয়েবসাইটে দেওয়া তথ্য অনুযায়ী, তাদের বহরে বর্তমানে ৯৩টি এয়ারবাসের তৈরি ও ৫১টি বোয়িংয়ের তৈরি উড়োজাহাজ রয়েছে।

বহরের শুরুতে আলাস্কা এয়ারলাইনসের একটি ৭৩৭ ম্যাক্স-৯ উড়োজাহাজের দরজায় বিস্ফোরণের পর ২৪ জানুয়ারি বোয়িংয়ের প্রধান নির্বাহী ডেভ কালাহন ক্রেতাদের আশ্বস্ত করে জানিয়েছিলেন, নিরাপত্তা ইস্যুতে ফেডারেল অ্যাভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশনের (এফএএ) সঙ্গে তারা কাজ করছেন।

তিনি আরও দাবি করেন, তাদের উড়োজাহাজগুলো যাত্রীদের জন্য সম্পূর্ণ নিরাপদ।

-B